Office of the Registrar
Jatiya Kabi Kazi Nazrul Islam University
Trishal, Mymensingh-2224, Bangladesh
Phone: 02-996676404
Fax: 02-996676400
Web: www.jkkniu.edu.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

রেজিস্ট্রারের কার্যালয়
জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়
ত্রিশাল, ময়মনসিংহ-২২২৪, বাংলাদেশ
ফোন: ০২-৯৯৬৬৭৬৪০৪
ফ্যাক্স: ০২-৯৯৬৬৭৬৪০০
ওয়েবসাইট: www.jkkniu.edu.bd

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং: জাককানইবি/রেজি:/নবিজনি/১৬৩২/২২/১৮৩৫ তারিখ: ১৯/০৯/২০২৩ইং

এই বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক প্রদেয় বেতন ও অন্যান্য আর্থিক সুবিধাসহ নিম্নলিখিত স্থায়ী/অস্থায়ী পদে নিয়োগকল্পে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্র. নং | পদের নাম ও বেতন স্কেল | পদের সংখ্যা | বয়স (বছর) | যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১ | সহযোগী অধ্যাপক<br>বেতন স্কেল-৪র্থ গ্রেড (৫০০০০-৭১২০০/-)<br>ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগ-০১টি<br>সমাজবিজ্ঞান বিভাগ-০১টি<br>(সমাজবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক পদে যোগ্য প্রার্থী না পাওয়া গেলে এই পদের বিপরীতে প্রভাষক নিয়োগ করা হবে।) | ০২টি | | সহযোগী অধ্যাপক<br>ক) সংশ্লিষ্ট বিভাগে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।<br>খ) প্রার্থীর স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।<br>গ) স্নাতকোত্তর ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৭ (সাত) বৎসরসহ মোট ন্যূনতম ১২ (বার) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>ঘ) এমফিল/সমমান ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৬ (ছয়) বৎসরসহ মোট ন্যূনতম ০৯ (নয়) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>ঙ) পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৪ (চার) বৎসরসহ মোট ন্যূনতম ০৭ (সাত) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।<br>চ) প্রার্থীদের স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) সর্বমোট ন্যূনতম ০৬ (ছয়) টি প্রকাশনা থাকতে হবে। তন্মধ্যে, সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০৩ (তিন) টি প্রকাশনা থাকতে হবে, যার মধ্যে First Author/Corresponding Author হিসেবে ন্যূনতম ০২ (দুই) টি প্রকাশনা থাকতে হবে। উল্লেখ্য যে, মোট প্রকাশনার ন্যূনতম ০১ (এক) টি প্রকাশনা ইমপ্যাক্ট ফ্যাক্টর/Indexed জার্নালে প্রকাশিত হতে হবে। |
| | | | | প্রভাষক (সমাজবিজ্ঞান বিভাগের ক্ষেত্রে)<br>ক) এসএসসি ও এইচএসসিতে প্রথম বিভাগ/জিপিএ ৪.০০ থাকতে হবে।<br>খ) সংশ্লিষ্ট বিভাগে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।<br>গ) প্রার্থীর স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। |
| ০২ | প্রভাষক<br>বেতন স্কেল-৯ম গ্রেড (২২০০০-৫৩০৬০/-)<br>ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগ-০১টি<br>দর্শন বিভাগ-০২টি<br>সমাজবিজ্ঞান বিভাগ-০২টি | ০৫টি | | ক) এসএসসি ও এইচএসসিতে প্রথম বিভাগ/জিপিএ ৪.০০ থাকতে হবে।<br>খ) সংশ্লিষ্ট বিভাগে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।<br>গ) প্রার্থীর স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।<br>২৩/০৮/২০২৩ তারিখে প্রকাশিত বিজ্ঞাপন অনুসারে যারা 'দর্শন' বিভাগের প্রভাষক পদে দরখাস্ত করেছেন তাদের আর দরখাস্ত করার প্রয়োজন নেই। |

শর্তাবলী :

০১। আবেদনকারীদের বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে ০৮ (আট) সেট আবেদন রেজিস্ট্রার, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ-২২২৪ বরাবরে আগামী ১৮/১০/২০২৩ তারিখ বিকাল ৪.০০ টার মধ্যে জমা দিতে হবে। পূরণকৃত ফরমের (সংযুক্তিসমূহ ছাড়া) একটি সফটকপি নির্দিষ্ট তারিখের মধ্যে scpcdu@gmail.com এই ঠিকানায় পাঠাতে হবে। আবেদনের শর্তবলীসহ বিস্তারিত তথ্যের জন্য বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.jkkniu.edu.bd ভিজিট করুন।

০২। প্রার্থীকে আবেদনপত্রের সংগে নিম্নবর্ণিত সনদসমূহ সংযুক্ত করতে হবে :
(ক) শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, প্রশিক্ষণ সংক্রান্ত ও অন্যান্য সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত অনুলিপি।
(খ) প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্রের অনুলিপি।
(গ) নিজ নিজ এলাকার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্রের অনুলিপি।
(ঘ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত রঙিন ছবি।
(ঙ) উপজাতীয় সম্প্রদায়ভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে প্রাপ্ত সনদপত্রের সত্যায়িত অনুলিপি।

০৩। চাকুরীতে নিয়োজিত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

০৪। প্রাপ্ত আবেদনসমূহ বাছাইয়ের পর কেবলমাত্র যোগ্যতা সম্পন্ন প্রার্থীদেরকে নিয়োগ বাছাই বোর্ডে প্রযোজ্য ক্ষেত্রে লিখিত ও মৌখিক পরীক্ষার জন্য আহ্বান করা হবে।

০৫। নিয়োগের ক্ষেত্রে মুক্তিযোদ্ধাসহ অন্যান্য কোটার বিষয়ে সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।

০৬। সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে রেজিস্ট্রার, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, সোনালী ব্যাংক লিমিটেড, বিশ্ববিদ্যালয় শাখা, ত্রিশাল, ময়মনসিংহের অনুকূলে ক্রমিক নং ০১ ও ০২ পদের জন্য ৬০০/-টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

০৭। আবেদনপত্রের নির্ধারিত স্থানে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নং, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করতে হবে।

০৮। উপরোক্ত পদসমূহে আবেদন করার জন্য রেজিস্ট্রার অফিস অথবা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.jkkniu.edu.bd থেকে অথবা ১০/- টাকা মূল্যের অব্যবহৃত ডাকটিকেটসহ নিজস্ব পত্র যোগাযোগের ঠিকানা সম্বলিত ফেরত খাম প্রেরণের মাধ্যমে নির্ধারিত ফরম ও আবেদন করার শর্তাবলী সংগ্রহ করা যাবে। ডাকযোগে আবেদন ফরম সংগ্রহের ক্ষেত্রে খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে।

০৯। প্রত্যেক প্রার্থীকে তার প্রার্থিত পদের নাম খামের উপর স্পষ্টাক্ষরে লিখতে হবে।

১০। নির্বাচনী পরীক্ষা/সাক্ষাৎকার প্রদানে উপস্থিত হওয়ার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বিবেচনা করা হবে না।

১২। নিয়োগ সংক্রান্ত ব্যাপারে যে কোন আবেদনপত্র গ্রহণ কিংবা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৩। আবেদনপত্রের সাথে দাখিলকৃত কোন কিছুই ফেরত দেয়া হবে না।

১৪। সংশ্লিষ্ট পদের যোগ্যতা ও অভিজ্ঞতা না থাকলে আবেদন করার প্রয়োজন নাই।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

১৯/০৯/২০২৩

(কৃষিবিদ ড. মো. হুমায়ুন কবীর)
রেজিস্ট্রার
জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়
ত্রিশাল, ময়মনসিংহ-২২২৪।
ফোন: ০২-৯৯৬৬৭৬৪০৪